গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী

(আইসিটি শাখা)

www.noakhali.gov.bd

কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটির জানুয়ারি-২০২৪ মাসের সভার কার্যবিবরণী:

সভাপতি	দেওয়ান মাহবুবুর রহমান জেলা প্রশাসক
সভার তারিখ	২৯ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ
সভার সময়	বেলা ১২:০০ ঘটিকা
স্থান	জেলা প্রশাসক, নোয়াখালী এঁর সম্মেলন কক্ষ।
উপস্থিতি	সভায় অংশগ্রহণকৃত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে সন্নিবেশিত

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালীকে অনুরোধ করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সভার আলোচ্যসূচি উপস্থাপন করেন এবং সদস্যবৃন্দকে আলোচ্যসূচির উপর মতামত পেশ করার অনুরোধ করেন। অতঃপর কমিটির সদস্যবৃন্দ সভায় আলোচ্যসূচি অনুসারে তাদের মতামত পেশ করেন। উপস্থাপিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রমিক নম্বর	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	মন্তব্য
০১	ক) সভা ও সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ খ) ধন্যবাদ জ্ঞাপন পত্র উপস্থাপন	ক) সভার শুরুতে পূর্ববর্তী সভার (নভেম্বর-২০২৩) কার্যবিবরণী পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী, সংযোজন/বিয়োজন আছে কিনা তা সভায় জানতে চাওয়া হয়। খ) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটি কর্তৃক প্রশংসনীয় ভূমিকা রাখার কারনে সাইবার নিরাপত্তা সেল, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে জেলা প্রশাসক, নোয়াখালীকে ধন্যবাদ জানিয়ে পত্র প্রেরণ করা হয়। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) উক্ত পত্রটি সভার সকলকে পাঠ করে শুনান এবং বলেন যে, এই অর্জন কমিটির সকলের সম্মিলিত প্রচেষ্টার ফল এবং এতে করে কমিটির সকলের কাজে উৎসাহ আরো বৃদ্ধি পাবে। সভাপতি কমিটির সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা ভবিষ্যতেও বজায় রাখতে অনুরোধ করেন।	**সিদ্ধান্ত:** ১.১) নভেম্বর-২০২৩ মাসের সভার কার্যবিবরণীর উপর কারো কোনো সংশোধনী, সংযোজন/বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়। ১.২) ধন্যবাদ জ্ঞাপন পত্রটি সকল উপজেলা কমিটির সভাপতি/সদস্য সচিবদেরকে প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। **বাস্তবায়ন:** কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটি	

<table>
<tr>
<td>০২</td>
<td>কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির সভা আহবান</td>
<td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নং স্মারকের নির্দেশনা মোতাবেক কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে জেলা কমিটির সভা প্রতি মাসে আয়োজন এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করার নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালনের ব্যাপারে সভায় আলোচনা হয়।</td>
<td>সিদ্ধান্ত:
২.১) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

২.২) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী জেলা কমিটির প্রত্যেক সদস্য এবং উপজেলা কমিটর সভাপতি/ সদস্য সচিবদের নিকট হার্ড কপি প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন:
কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটি</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৩</td>
<td>কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা কমিটির সভা আহবান</td>
<td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের ২১ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দ তারিখের ৫৬.০৩.০০০০.০০৫.০৬.০০২.২৩.৪ নম্বর স্মারকের নির্দেশনা মোতাবেক কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে উপজেলা কমিটির সভা প্রতি মাসে আয়োজন এবং অনুষ্ঠিত সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে জেলা কমিটির নিকট প্রেরণ করার নির্দেশনা রয়েছে। তারই পরিপ্রেক্ষিতে গত ডিসেম্বর ২০২৩ মাসের “কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত উপজেলা কমিটির” সভার কার্যবিবরণী অত্র কার্যালয়ে প্রাপ্তি সংক্রান্ত রিপোর্ট নিম্নরূপ:

<table>
<tr><th>ক্রমিক নম্বর</th><th>উপজেলা</th><th>কার্যবিবরণী</th></tr>
<tr><td>০১.</td><td>চাটখিল উপজেলা</td><td>পাওয়া গিয়েছে</td></tr>
<tr><td>০২.</td><td>বেগমগঞ্জ উপজেলা</td><td>পাওয়া গিয়েছে</td></tr>
<tr><td>০৩.</td><td>সেনবাগ উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
<tr><td>০৪.</td><td>কোম্পানীগঞ্জ উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
<tr><td>০৫.</td><td>নোয়াখালী সদর উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
<tr><td>০৬.</td><td>কবিরহাট উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
<tr><td>০৭.</td><td>সোনাইমুড়ী উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
<tr><td>০৮.</td><td>সুবর্ণচর উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
<tr><td>০৯.</td><td>হাতিয়া উপজেলা</td><td>পাওয়া যায়নি</td></tr>
</table>

ডিসেম্বর-২০২৩ মাসের কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত উপজেলা কমিটির সভার কার্যবিবরণী প্রেরণ করায় উপজেলা নির্বাহী অফিসার, চাটখিল ও বেগমগঞ্জ, নোয়াখালীকে ধন্যবাদ জ্ঞাপন করা হয়।</td>
<td>সিদ্ধান্ত:
৩.১) কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধ কার্যক্রম বাস্তবায়নে গতিশীলতা আনয়নের লক্ষ্যে উপজেলা কমিটিকে প্রতি মাসে সভা আয়োজন করে সভার কার্যবিবরণী আবশ্যিকভাবে জেলা কমিটির নিকট পরবর্তী মাসের ০৫ তারিখের মধ্যে প্রেরণ নিশ্চিত করার অনুরোধ জানিয়ে উপজেলা নির্বাহী অফিসার (সকল) ও সভাপতি, কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত উপজেলা কমিটি নোয়াখালীকে পত্র প্রেরণের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন:
আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td>০৪</td>
<td>স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা গ্রহণ</td>
<td>ক) পূর্ববর্তী সভায় (নভেম্বর-২০২৩) অনুমোদিত স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী বাস্তবায়নযোগ্য বিভিন্ন কর্মপরিকল্পনা পাঠ করা হয় এবং কারো কোন সংশোধনী, সংযোজন/বিয়োজন আছে কিনা তা সভায় জানতে চাওয়া হয়।

খ) উপপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নোয়াখালী দীর্ঘমেয়াদী পরিকল্পনাসমূহ বাস্তবায়নে করণীয় সম্পর্কিত আলোচনায় জানান, দীর্ঘমেয়াদী পরিকল্পনার ৩.২ বাস্তবায়নে (মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষকদের পর্যায়ক্রমে আইসিটি ও সাইবার অপরাধ সংক্রান্ত বেসিক প্রশিক্ষণের ব্যবস্থা করা) একটি প্রশিক্ষণ মডিউল তৈরি করা প্রয়োজন।

গ) পরিকল্পনাসমূহ বাস্তবায়নে করণীয় বিষয়ক আলোচনায় প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), আইসিটি অধিদপ্তর, নোয়াখালী মধ্যমেয়াদী পরিকল্পনার ২.৩ নং সূচক (প্রাথমিক ও মাধ্যমিক পর্যায়ের শিক্ষার্থীরা সাইবার নিরাপত্তা বিষয়ে পাঠ্যপুস্তক হতে কি ধরণের তথ্য পাচ্ছে তা যাচাই করার জন্য কারিকুলাম পর্যালোচনা করা এবং এর অতিরিক্ত কি ধরণের তথ্য বিভিন্ন শ্রেণির শিক্ষার্থীদের দেওয়া যেতে পারে তা পর্যালোচনাকরণ) বাস্তবায়নের নিমিত্ত কারিকুলাম পর্যালোচনা উপকমিটি গঠনে মতামত পেশ করেন।

ঘ) অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), নোয়াখালী, পরিকল্পনাসমূহ বাস্তবায়নে একটি মূল্যায়ন নির্দেশিকা প্রণয়ন করা যেতে পারে বলে সভায় মতামত পেশ করেন।</td>
<td>সিদ্ধান্ত:
৪.১) উপস্থাপিত বিষয়গুলোর উপর বিস্তারিত আলোচনান্তে বর্ণিত স্বল্প, মধ্য ও দীর্ঘ মেয়াদী খসড়ায় কারো কোনো সংশোধনী, সংযোজন/ বিয়োজন না থাকায় সর্বসম্মতিক্রমে তা দৃঢ়ীকরণ করা হয়।

৪.২) গৃহীত পরিকল্পনা সমূহ জেলা প্রশাসক নোয়াখালী এর ওয়েবসাইটে প্রকাশ করার জন্য সহকারী কমিশনার (আইসিটি) কে অনুরোধ করা হয়।

৪.৩) অনুষ্ঠিত সভার কার্যবিবরণী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের সিসিএ কার্যালয় বরাবর প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৪) গৃহীত পরিকল্পনাসমূহ বাস্তবায়নের নিমিত্ত সংশ্লিষ্ট দপ্তর প্রধান/উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালীকে পত্র প্রেরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৫) প্রোগ্রামার (ভারপ্রাপ্ত), আইসিটি অধিদপ্তর, নোয়াখালী জেলা কার্যালয় এবং সভাপতি, সাইবার ওয়ারিওর্স, নোয়াখালী এর সমন্বয়ে ১দিনের ৪(চার) সেশনের আইসিটি ও সাইবার অপরাধ সংক্রান্ত বেসিক প্রশিক্ষণের মডিউল তৈরির সিদ্ধান্ত গৃহীত হয়।

৪.৬) নিম্নোক্ত কর্মকর্তার সম্বনয়ে কারিকুলাম পর্যালোচনা উপকমিটি গঠনের সিদ্ধান্ত গ্রহীত হয়।

<table>
<tr><td>নাম ও পদবী</td><td>দায়িত্ব</td></tr>
<tr><td>সহকারী কমিশনার (আইসিটি)</td><td>আহ্বায়ক</td></tr>
<tr><td>জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>জেলা শিক্ষা অফিসার/প্রতিনিধি</td><td>সদস্য</td></tr>
<tr><td>অধ্যক্ষ/প্রতিনিধি, কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র, গাবুয়া, নোয়াখালী</td><td>সদস্য</td></tr>
<tr><td>উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, নোয়াখালী</td><td>সদস্য</td></tr>
</table>

উক্ত পর্যালোচনা উপকমিটি কারিকুলাম পর্যালোচনা করে তার বিস্তারিত প্রতিবেদন জেলা কমিটির নিকট উপস্থাপন করবেন।

৪.৭) পরিকল্পনাসমূহ বাস্তবায়নে একটি মূল্যায়ন নির্দেশিকা প্রণয়ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td>
<td></td>
</tr>
</table>

<table>
<tr>
<td>০৫</td>
<td>সাইবার অপরাধের শিকার কিশোর-কিশোরীদের নিয়ে মাসিক তথ্য প্রতিবেদন (বিবেচ্য মাস: ডিসেম্বর ২০২৩ খ্রিস্টাব্দ)</td>
<td>কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধ বিষয়ক সেপ্টেম্বর মাসের তথ্য প্রতিবেদন নোয়াখালী পুলিশ সুপারের কার্যালয় থেকে গত ০৫ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ তারিখে এ কার্যালয়ে প্রেরণ করা হয়।
পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী থেকে প্রাপ্ত প্রতিবেদন (অক্টোবর ২০২৩):
<table>
<tr><th>সংশ্লিষ্ট আইন</th><th>মামলা দায়ের</th><th>আসামি</th><th>আসামী গ্রেফতার</th></tr>
<tr><td>সাইবার নিরাপত্তা আইন-২০২৩</td><td>---</td><td>---</td><td>---</td></tr>
<tr><td>পর্নোগ্রাফি নিয়ন্ত্রণ আইন-১০১২</td><td>---</td><td>---</td><td>----</td></tr>
</table>
নোয়াখালী জেলার সাইবার ওয়ারিয়র্স থেকে প্রাপ্ত প্রতিবেদন (ডিসেম্বর-২০২৩):
<table>
<tr><th>মোট অভিযোগ</th><th>ভুক্তভোগীর সংখ্যা (পুরুষ) ও বয়স সীমা</th><th>ভুক্তভোগীর সংখ্যা (নারী) ও বয়স সীমা</th><th>অভিযোগের ধরণ</th></tr>
<tr><td>৫৭</td><td>২৩

(১৮ থেকে ২৫ বছর)</td><td>৩৪

(১৫ থেকে ২০ বছর)</td><td>সামাজিক যোগাযোগ মাধ্যমে ভুয়া একাউন্ট তৈরি করে ভুক্তভোগীদের হেনস্থা ও মানহানীর চেষ্টা করা।</td></tr>
</table>
</td>
<td>সিদ্ধান্ত:
৫.১) পুলিশ সুপার, নোয়াখালী এবং সাইবার ওয়ারিয়র্স, নোয়াখালী হতে প্রতিমাসে নির্ভুল তথ্য প্রতিবেদন প্রাপ্তি সুনিশ্চিত করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়নে:
পুলিশ সুপার, নোয়াখালী এবং সভাপতি, সাইবার ওয়ারিয়র্স, নোয়াখালী</td>
<td></td>
</tr>
<tr>
<td>০৬</td>
<td>সাইবার অপরাধ প্রতিরোধে প্রয়োজনীয় দিকনির্দেশনা প্রদান</td>
<td>সভাপতি বলেন, সাইবার অপরাধ, সাইবার বুলিং, ও ব্ল্যাকমেইলিং একটি অত্যন্ত খারাপ ও দন্ডনীয় অপরাধ। এই ধরণের অপরাধ সংগঠিত হওয়ার পিছনে নানাবিধ কারণ রয়েছে এবং এই সমস্যার সমাধানে আমাদের জেলা কমিটি কর্তৃক গৃহীত পরিকল্পনা বাস্তবায়িত হলে প্রত্যাশিত ফলাফল পাওয়া যেতে পারে এবং এটি ২০৪১ সালের স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে গুরুত্বপূর্ণ অবদান রাখবে।

সহকারী কমিশনার (আইসিটি) বলেন, স্মার্টফোনের ব্যবহারে তরুণরা অপরাধের প্রতি দিন দিন অতিমাত্রায় ঝুঁকছে। কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ বন্ধের জন্য গৃহীত পরিকল্পনাগুলো যথাযথভাবে বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করতে হবে। স্কুল-কলেজগামী শিক্ষার্থীদের জন্য প্রতিষ্ঠানে কাউন্সেলিংয়ের ব্যবস্থা রাখতে হবে। কিশোর- কিশোরদের বাস্তবমুখী কারিগরি প্রশিক্ষণের মাধ্যমে উপযুক্ত ও দক্ষ নাগরিক হিসেবে তৈরি করার সুযোগ নিশ্চিত করতে হবে।

অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) সাইবার নিরাপত্তা নিশ্চিতকরণে 2FA (Two Factor Authentication) ফিচারটি সকলকে ব্যবহারের অনুরোধ করেন।</td>
<td>বাস্তবায়নে:
আইসিটি শাখা এবং কিশোর-কিশোরীদের সাইবার অপরাধ প্রতিরোধে গঠিত জেলা কমিটি।</td>
<td></td>
</tr>
</table>

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অনুরোধসহ উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

****

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক

স্মারক নম্বর: ০৫.৪২.৭৫০০.০১৫.০৬.০০১.২৩.২২

তারিখ: ২৮ মাঘ ১৪৩০
১১ ফেব্রুয়ারি ২০২৪

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, মহাপরিচালকের কার্যালয়, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
২) বিভাগীয় কমিশনার, বিভাগীয় কমিশনারের কার্যালয়, চট্টগ্রাম
৩) উপ-নিয়ন্ত্রক (অতিরিক্ত দায়িত্ব), সিসিএ কার্যালয় ও সদস্য সচিব, সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
৪) পুলিশ সুপার, পুলিশ সুপারের কার্যালয়, নোয়াখালী
৫) সিভিল সার্জন, জেলা সিভিল সার্জনের কার্যালয়, নোয়াখালী
৬) অধ্যক্ষ, নোয়াখালী সরকারী কলেজ/নোয়াখালী সরকারী মহিলা কলেজ, নোয়াখালী
৭) উপজেলা নির্বাহী অফিসার (সকল), নোয়াখালী
৮) জনাব,............................সদস্য, জেলা কিশোর-কিশোরী সাইবার অপরাধ প্রতিরোধ কমিটি, নোয়াখালী
৯) গোপনীয় সহকারী, শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, নোয়াখালী [অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত]
১০) অফিস কপি

দেওয়ান মাহবুবুর রহমান
জেলা প্রশাসক